হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়
অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
https://hau.ac.bd
prp@hau.ac.bd

# প্রেস বিজ্ঞপ্তি

## হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ে ১ম বারের মতো যোগদান করেছেন হকৃবির নতুন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ইসমাইল হোসেন

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের নতুন উপ-উপাচার্য হিসেবে মঙ্গলবার (২৮ জুলাই) যোগদান করেছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের এগ্রিবিজনেস অ্যান্ড মার্কেটিং বিভাগের কৃষি অর্থনীতি ও পল্লী সমাজবিজ্ঞান অনুষদের অধ্যাপক ড. মোহাম্মদ ইসমাইল হোসেন। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সহকারী সচিব মোঃ সুলতান আহমেদ স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে ২৭ জুলাই হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য হিসেবে নিয়োগ প্রদান করা হয় অধ্যাপক ড. মোহাম্মদ ইসমাইল হোসেন-কে। মঙ্গলবার দুপুর ১ টায় তিনি যোগদান করেন।

অধ্যাপক ড. মোহাম্মদ ইসমাইল হোসেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি ও পল্লী সমাজবিজ্ঞান অনুষদের এগ্রিবিজনেস অ্যান্ড মার্কেটিং বিভাগের একজন অধ্যাপক। তিনি কৃষি অর্থনীতি, এগ্রিবিজনেস, কৃষিপণ্যের বিপণন, ভ্যালু চেইন, গ্রামীণ উন্নয়ন এবং কৃষি বাজার ব্যবস্থাপনা বিষয়ে শিক্ষা, গবেষণা ও একাডেমিক কার্যক্রমে দীর্ঘদিন ধরে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে কৃষি অর্থনীতিতে স্নাতক (সম্মান) এবং কৃষি অর্থনীতি (মার্কেটিং) বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে ইউরোপীয় ইউনিয়নের মর্যাদাপূর্ণ ইরাসমাস মুন্ডুস বৃত্তির আওতায় বেলজিয়ামের ঘেন্ট বিশ্ববিদ্যালয় এবং জার্মানির হামবোল্ট বিশ্ববিদ্যালয় থেকে ইন্টারন্যাশনাল মাস্টার অব সায়েন্স ইন রুরাল ডেভেলপমেন্ট (আইএমআরডি) ডিগ্রি অর্জন করেন। এরপর গ্রিসের অ্যারিস্টটল বিশ্ববিদ্যালয় অব থেসালোনিকি থেকে কৃষি অর্থনীতিতে পিএইচডি ডিগ্রি লাভ করেন। একজন গবেষক ও শিক্ষাবিদ হিসেবে অধ্যাপক ড. ইসমাইল হোসেন দেশি-বিদেশি বিভিন্ন স্বনামধন্য গবেষণা সাময়িকীতে অসংখ্য গবেষণা প্রবন্ধ প্রকাশ করেছেন। তাঁর গবেষণার প্রধান ক্ষেত্র কৃষিপণ্যের বিপণন, এগ্রিবিজনেস ব্যবস্থাপনা, ভ্যালু চেইন বিশ্লেষণ, কৃষি উন্নয়ন এবং গ্রামীণ অর্থনীতি। শিক্ষা ও গবেষণায় অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ তিনি ইরাসমাস মুন্ডুস স্কলারশিপ, স্টেট স্কলারশিপস ফাউন্ডেশন (আইকেওয়াই), প্রফেসর এম. লুৎফুর রহমান মেমোরিয়াল অ্যাওয়ার্ড, প্রফেসর শামসুল ইসলাম মেমোরিয়াল স্বর্ণপদক, ইউনিভার্সিটি প্রাইজ এবং ন্যাশনাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি (এনএসটি) ফেলোশিপ-সহ একাধিক সম্মাননা অর্জন করেন। এছাড়াও তিনি দ্য বাংলাদেশ জার্নাল অব এগ্রিকালচারাল ইকোনমিকস-এর নির্বাহী সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন এবং কৃষি অর্থনীতি ও এগ্রিবিজনেস শিক্ষার মানোন্নয়ন ও গবেষণা সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছেন।